

### প্রশ্ন ফাঁস তদন্ত কমিটির বেঠক অনুষ্ঠিত

কুমিল্লা বোর্ডের ১৯৯১ সালের এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনায় গঠিত তদন্ত কমিটির এক বেঠক গতকাল চট্টগ্রাম সার্কিট হাউসে অনুষ্ঠিত হয়েছে। এক সরকারি হ্যাভ আউটে এ কথা জানানো হয়।

কমিটির সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন শাহজাহান এমপি, স্পেশাল ব্রাঞ্চের ডিআইজি রফিকুল আলম, মুহসিনুর রহমান খান পরিচালক মাধ্যমিক শিক্ষা, এম ইউনুস আলী পরীক্ষানিয়ন্ত্রক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা।

কমিটির চেয়ারম্যান বিচারপতি আবদুল মতিন খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ বেঠকে আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম রেঞ্জের পুলিশের ডিআইজি, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনার, নোয়াখালী, ফেনী, দক্ষিণপুর, বাম্বরবান এবং ঝাংড়াছড়ি জেলার জেলা প্রশাসকগণ ও চট্টগ্রাম এবং কক্সবাজার জেলার অতিরিক্ত জেলা প্রশাসক (সাধারণ)। এসব জেলার পুলিশ সুপার এবং বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষকগণও বেঠকে উপস্থিত ছিলেন তারা প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ার সঙ্গে সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন।

২৩